

আল-মুলক | Al-Mulk | الْمُلْكُ

আয়াতঃ ৬৭ : ১৯

আরবি মূল আয়াত:

أَوَلَمْ يَرَوْا إِلَى الطَّيْرِ فَوْقَهُمْ صَفَّتٍ وَ يَقْبِضْنَ ۚ مَا يُمَسِّكُهُنَّ إِلَّا
الرَّحْمَنُ ۚ إِنَّهُ بِكُلِّ شَيْءٍ بَصِيرٌ ﴿١٩﴾

অনুবাদসমূহ:

তারা কি লক্ষ্য করেনি তাদের উপরস্থ পাখিদের প্রতি, যারা ডানা বিস্তার করে ও গুটিয়ে নেয়? পরম করুণাময় ছাড়া অন্য কেউ এদেরকে স্থির রাখে না। নিশ্চয় তিনি সব কিছুর সম্যক দ্রষ্টা। — আল-বায়ান

তারা কি তাদের উপর দিকে পাখীগুলোর প্রতি লক্ষ্য করে না যারা ডানা মেলে দেয় আবার গুটিয়ে নেয়? দয়াময় ছাড়া অন্য কেউই তাদেরকে (উপরে) ধরে রাখে না। তিনি সবকিছুর সম্যক দ্রষ্টা। — তাইসিরুল

তারা কি লক্ষ্য করেনা তাদের উর্ধ্বদেশে বিহঙ্গকূলের প্রতি, যারা পক্ষ বিস্তার করে ও সংকুচিত করে? দয়াময় আল্লাহই তাদেরকে স্থির রাখেন। তিনি সর্ব বিষয়ে সম্যক দ্রষ্টা। — মুজিবুর রহমান

Do they not see the birds above them with wings outspread and [sometimes] folded in? None holds them [aloft] except the Most Merciful. Indeed He is, of all things, Seeing. — Sahih International

১৯. তারা কি লক্ষ্য করে না তাদের উপরে পাখিদের প্রতি, যারা পাখা বিস্তার করে ও সংকুচিত করে? দয়াময় আল্লাহই তাদেরকে স্থির রাখেন। নিশ্চয় তিনি সবকিছুর সম্যক দ্রষ্টা।

তাকসীরে জাকারিয়া

(১৯) তারা কি লক্ষ্য করে না তাদের উর্ধ্বদেশে পক্ষীকূলের প্রতি, যারা ডানা বিস্তার করে ও সংকুচিত করে?[1] পরম দয়াময়ই তাদেরকে স্থির রাখেন।[2] নিশ্চয় তিনি সর্ববিষয়ে সম্যক দ্রষ্টা।

[1] পাখীরা যখন হাওয়াতে উড়তে থাকে, তখন তারা পাখা মেলে দেয়। কখনো আবার উড়ন্ত অবস্থায় নিজের পাখা গুটিয়ে নেয়। এই পাখা মেলাকে **صَفَّتٍ** আর গুটিয়ে নেওয়াকে **يَقْبِضْنَ** বলা হয়।

[2] অর্থাৎ, কোন্ সত্তা এই উড়ন্ত পাখীকে (আকাশে) স্থির রাখেন, তাকে যমীনে পড়তে দেন না? এটা দয়াবান আল্লাহর মহাশক্তির এক নিদর্শন।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5260>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন